রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মার্চ ৩, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৮ ফাল্গুন ১৪২৬/০২ মার্চ ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০১০.২০.১৫৪—জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে দেশে ও বিদেশে বছরব্যাপী বিভিন্ন ধরনের কার্যক্রম/অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। এসব কার্যক্রম/অনুষ্ঠানের ব্যয় মিটানোর জন্য ইতোমধ্যে সরকার কর্তৃক বাজেটে বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্তমানে সরকারি উদ্যোগের পাশাপাশি জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কার্যক্রমে অংশগ্রহণে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তির পক্ষ থেকে আগ্রহ প্রকাশ করা হচ্ছে।

এ পরিপ্রেক্ষিতে জনআকাঙ্ক্ষার প্রতি খেয়াল রেখে জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তির স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের সুযোগ সৃষ্টির লক্ষ্যে বেসরকারি ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ থেকে অর্থ সংগ্রহের নিমিত্ত সরকার 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সম্পর্কিত নাগরিক তহবিল ব্যবস্থাপনা নীতিমালা, ২০২০' প্রণয়ন করেছে। ব্যক্তি বা বেসরকারি প্রতিষ্ঠানের কাছ থেকে অর্থ সংগ্রহের ক্ষেত্রে এ নীতিমালা যথাযথ ভূমিকা পালন করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ আলতাফ হোসেন
উপসচিব

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সম্পর্কিত নাগরিক তহবিল ব্যবস্থাপনা নীতিমালা, ২০২০**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে দেশে ও বিদেশে বছরব্যাপী বিভিন্ন ধরনের কার্যক্রম/অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। এসব কার্যক্রম/অনুষ্ঠানের ব্যয় মিটানোর জন্য ইতোমধ্যে সরকার কর্তৃক বাজেটে বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্তমানে সরকারি উদ্যোগের পাশাপাশি জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কার্যক্রমে অংশগ্রহণে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তির পক্ষ থেকে আগ্রহ প্রকাশ করা হচ্ছে। এ প্রেক্ষাপটে জনআকাঙ্ক্ষার প্রতি খেয়াল রেখে জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তির স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের সুযোগ সৃষ্টির লক্ষ্যে বেসরকারি ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ থেকে অর্থ সংগ্রহের নিমিত্ত এ নীতিমালাটি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

১। **শিরোনাম:** এ নীতিমালাটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সম্পর্কিত নাগরিক তহবিল ব্যবস্থাপনা নীতিমালা, ২০২০ নামে অভিহিত হবে।

২। **সংজ্ঞা:**

(ক) **নাগরিক তহবিল** অর্থ ব্যক্তি বা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সম্পর্কিত নাগরিক তহবিলে জমাকৃত অর্থের সমন্বয়ে গঠিত তহবিল;

(খ) **ব্যাংক হিসাব** অর্থ নাগরিক তহবিল পরিচালনার জন্য যে কোন তফসিলি ব্যাংকে এতদ্‌উদ্দেশ্যে পরিচালিত চলতি হিসাব।

৩। **ব্যাংক হিসাব পরিচালনা:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সভাপতি ও প্রধান সমন্বয়ক কর্তৃক যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

৪। **তহবিলে অনুদান প্রদানের যোগ্যতা**—

(ক) মুক্তিযুদ্ধের সপক্ষের ব্যক্তি/প্রতিষ্ঠান যার—

(১) বৈধ আয়ের উৎস আছে;

(২) কোনো স্বার্থের সংঘাত (Conflict of Interest) নেই;

(খ) অনুদান সম্পূর্ণ স্বেচ্ছাধীন অর্থাৎ অনুদানের বিপরীতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন সুবিধা দাবি না করা;

(গ) যুদ্ধাপরাধ বা গণহত্যার সাথে সম্পৃক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান বা পরিবারের সদস্য থেকে অনুদান গ্রহণ না করা।

৫। **অনুদানের অর্থ গ্রহণকারী কর্তৃপক্ষ:** কেন্দ্রীয়ভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয় কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সম্পর্কিত নাগরিক তহবিল খাতে অনুদানের অর্থ গ্রহণ করা হবে। অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অনুদান গ্রহণ করতে পারবে না।

৬। **তহবিল ব্যবহারের খাত নির্ধারণ ও অনুমোদন:**

(ক) জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে যথাযথ উৎসব আয়োজন;

(খ) জন্মশতবার্ষিকীর প্রতি লক্ষ্য রেখে জনকল্যাণে গৃহীত সেবাধর্মী কার্যক্রম;

(গ) জাতির পিতার জন্মশতবার্ষিকীর সাথে সঙ্গতি রেখে সুনির্দিষ্ট উন্নয়ন কার্যক্রম;

(ঘ) এ তহবিল থেকে অর্থ বরাদ্দের পূর্বে সংশ্লিষ্ট কার্যক্রম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে।

৭। **স্বচ্ছতা নিশ্চিতকরণ:**

(ক) যে কোন ব্যয়ের ক্ষেত্রে নিজস্ব অর্থ খরচের ন্যায় সর্বোচ্চ স্বচ্ছতা ও সতর্কতা অবলম্বন করতে হবে;

(খ) প্রতিটি ব্যয়ের বিপরীতে অভ্যন্তরীণ নিরীক্ষার (Internal Audit) পাশাপাশি ব্যয়ের ভাউচারসমূহ ব্যয় সংশ্লিষ্ট ব্যক্তির স্বাক্ষরসহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

(গ) সকল ব্যয় ক্রস চেকের মাধ্যমে নির্বাহ করতে হবে।

৮। **অনুদান দাতার তথ্য সংরক্ষণ:** অনুদান প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য সংরক্ষণ করতে হবে এবং অনুদানের অর্থ ক্রস চেক বা ব্যাংক ড্রাফট আকারে গ্রহণ করতে হবে। কোন প্রকার নগদ অর্থ গ্রহণ করা যাবে না।

৯। **ক্যাশ বুক সংরক্ষণ:** অনুদান প্রাপ্তির উৎসের পাশাপাশি খরচের বিবরণ দৈনন্দিন ভিত্তিতে সুনির্দিষ্টভাবে ক্যাশ বইতে লিপিবদ্ধ করতে হবে।

১০। **ভাউচার সংরক্ষণ:** অডিটের জন্য খরচের ভাউচারসমূহ কমপক্ষে ৫ (পাঁচ) বছর যথাযথ প্রক্রিয়ায় সংরক্ষণ করতে হবে।

১১। **বিদেশ থেকে প্রাপ্ত অনুদান:** বিদেশে বসবাসকারী/চাকরিরত বাংলাদেশের নাগরিক বা তার/তাদের মালিকানাধীন প্রতিষ্ঠান থেকে অনুদান গ্রহণ করা যাবে।

১২। **ভ্রমণ বা সম্মানি বাবদ ব্যয়:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি বা অন্য কোন কমিটির সভাপতি, সদস্য, সরকারি বা বেসরকারি কর্মচারীর দেশ বা বিদেশে ভ্রমণ বা সম্মানি বাবদ এ তহবিলের অর্থ ব্যয় করা যাবে না।

১৩। **দায় দায়িত্ব নিরূপণ:** অনিয়মিত বা বেআইনিভাবে বা এ নীতিমালা অনুসরণ না করে কোন ব্যয় করা হলে ব্যয় অনুমোদনকারী ব্যক্তি/ব্যক্তিবর্গ এবং এ ধরনের ব্যয়ের সাথে সম্পৃক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ দায়ী হবেন।

১৪। **অব্যয়িত অর্থের নিষ্পত্তি:** জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের ব্যয় নির্বাহের পর উক্ত নীতিমালা অনুযায়ী গঠিত ব্যাংক হিসাবে কোন অব্যয়িত অর্থ থাকলে তা মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে জমাকরণের মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করতে হবে।

১৫। **নীতিমালা অনুসরণ:** নাগরিক তহবিলের জন্য অর্থ সংগ্রহ এবং এ তহবিল থেকে অর্থ ব্যয়ের ক্ষেত্রে এ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৬। **নীতিমালা সংশোধন/সংযোজন:** এ নীতিমালা সংশোধনের প্রয়োজন হলে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন করা যাবে।

১৭। **নীতিমালার ব্যাখ্যা:** এ নীতিমালার বিষয়ে কোনো অস্পষ্টতা পরিলক্ষিত হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটির ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd